# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

**গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব কুদরত-ই-ইবতিহাজ, পিতা- মৃত শেখ রেফাউল হক, মাতা- রেশমা আক্তার, সাং- হাসি ভিলা, ২৬৮, গার্লস স্কুল রোড, পোস্ট- গোপালগঞ্জ সদর, থানা- গোপালগঞ্জ, জেলা- গোপালগঞ্জ। ব্যবসায়িক ঠিকানা- "মেসার্স প্রগতি ডিষ্ট্রিবিউশন " গোপালগঞ্জ শাখা কর্তৃক ইউসিবি গোপালগঞ্জ শাখা, গোপালগঞ্জ হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৬/০৮/২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১১,৭৩,১৭,২১৫.৫৫ (এগার কোটি তিহাত্তর লক্ষ সতের হাজার দুইশত পনের টাকা পঞ্চান্ন পয়সা) মাত্র সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

<u>বন্ধকী জমির তফসিল পরিচয়</u>

**"ক তপশীল"**

জেলা-গোপালগঞ্জ, থানা- গোপালগঞ্জ, মৌজা-খাটরা, জে.এল নং-আর.এস ও এস.এ- ৯৭, বি.আর.এস-১০৫, খতিয়ান নং-আর এস-১২৯৫/১, এস.এ-১৪৪৬, এস.এ প্রস্তাবিত -১৫৯২/১, বি.আর এস ডিপি-৩৫৮১, ৩৫৮৫, প্লট নং-আর এস ও এস.এ-২৮১২, বি.আরএস-৬৭২০, ৬৭২১, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=১২.০০ শতাংশ। । চৌহর্দিঃ উত্তরে- নিজ, দক্ষিনে- গৌর বিশ্বাস, পূর্বে- ঢাকা টু গোপালগঞ্জ মহাসড়ক, পশ্চিমে- চুন্নু সিকদার ।

**"খ তপশীল"**

জেলা-গোপালগঞ্জ, থানা- গোপালগঞ্জ, মৌজা-খাটরা, জে.এল নং-আর.এস ও এস.এ- ৯৭, বি.আর.এস-১০৫, খতিয়ান নং-আর এস-১২৯১, ৮৯৯/২, এস.এ-১৪৪২, ১০৭৫, এস.এ প্রস্তাবিত -১৫৯২/১, বি.আর এস ডিপি-৩৫৮২, ৩৫৮৩, ৩৫৮৪, প্লট নং-আর এস ও এস.এ-৪৫৫৩, ৪৫৫৮, ৪৫৫৫, বি.আরএস-৪০০৮, ৬০৬৯, ৬০৬৭, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=৩১.২৫ শতাংশ। । চৌহর্দিঃ উত্তরে-অনিল বিশ্বাস, দক্ষিনে- কনক রয়, পূর্বে- শাহাদাৎ মিয়া, পশ্চিমে- আরএইচ ডি ।

**"গ তপশীল"**

জেলা-গোপালগঞ্জ, থানা- গোপালগঞ্জ, মৌজা-খাটরা, জে.এল নং-আর.এস ও এস.এ- ৯৭, বি.আর.এস-১০৫, খতিয়ান নং-আর.এস : ১৩৬৮, এস.এ-১৫৯২, বি.আর এস ডিপি-৩৫৮১, প্লট নং-আর.এস এস.এ-২৮১৩, বি.আর এস-৬৭২০, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=৩৯.০০ শতাংশ। চৌহর্দিঃ উত্তরে- কমিশন রোড, দক্ষিনে- সুখচাদ এর জমি, পূর্বে- ঢাকা টু খুলনা মহাসড়ক, পশ্চিমে- গৌর বিশ্বাস এবং অন্যান্য ।

**"ঘ তপশীল"**

জেলা-গোপালগঞ্জ, থানা- গোপালগঞ্জ, মৌজা-ঘোষেরচর, জে.এল নং-আর.এস ও এস.এ- ৮৯, খতিয়ান নং-আর.এস-০১, এস.এ-০১, প্লট নং-আর.এস ও এস.এ : $\frac{১০}{৪৮৪৯}$, $\frac{১১}{৪৮৪৯}$, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=১৩.০০ শতাংশ। চৌহর্দিঃ উত্তরে- মোতালেব এর বিল্ডিং,দক্ষিনে- ১২ফুট রাস্তা তারপর আঃ মান্নান এর টিন শেড বিল্ডিং, পূর্বে- জাহাঙ্গীর মিয়া, পশ্চিমে- ৫০ফুট চওড়া রাস্তা তারপর গোপালগঞ্জ লেক ।

**"ঙ তপশীল"**

জেলা-গোপালগঞ্জ, থানা- গোপালগঞ্জ, মৌজা-খাটরা, জে.এল নং-আর.এস ও এস.এ- ৯৭, বি.আর.এস-১০৫, খতিয়ান নং-আর এস-০৩, এস.এ-৩৩, বি.আর এস ডিপি-৩৫৮৫, ৪৮৮৯, প্লট নং-আর এস ও এস.এ-২৬৮৬ বি.আরএস-৩৬৩০, ৩৬৩২, ৩৬২৯, বন্ধকী সম্পত্তির পরিমাণ মোট=১৮.৩৩ শতাংশ। । চৌহর্দিঃ উত্তরে-আতাউর রহমান, দক্ষিনে- শহিদ বিশ্বাস, পূর্বে- পৌর রাস্তা , পশ্চিমে- গাউজ আলী ।

## নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ০৬.১০.২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, গোপালগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, গোপালগঞ্জ শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন–রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৬। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**শাখা ব্যবস্থাপক,**
**গোপালগঞ্জ শাখা,**
**গোপালগঞ্জ ।**